ঘ.চিত্রে I ও C চিহ্নিত স্থানে অবস্থিত দেশের কৃষির তুলনামূলক অবস্থা মূল্যায়ন কর। ৪

### ▶◀ ৪নং প্রশ্নের উত্তর ▶◀

ক. IRRI এর ইংরেজি পূর্ণরূ প হলো International Rice Research Institute.

খ. প্রাচীনকাল থেকেই সাংস্কৃতিক কর্মকান্ড এবং কৃষি এক সুতোয় গাঁথা। বাংলা নববর্ষ এরূ প একটি সাংস্কৃতিক কর্মকান্ড। এই উৎসবটি কৃষিকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। এছাড়াও নবান্ন উৎসব, পিঠা উৎসব, বিভিন্ন নাচ, গান, কবিতা, শেরাক জুড়ে কৃষির প্রভাব লৰ করা যায়।

গ. B চিহ্নিত দেশ ধান ফসলের ক্ষেত্রে ধাপে ধাপে উন্নতি করেছে। এখানে B চিহ্নিত দেশটি হলো বাংলাদেশ। বাংলাদেশে কৃষির আধুনিকায়ন শুরব হয় গতশতকের ষাটের দশকে। প্রধান কৃষি ফসল ধানের ৰেত্রে এর প্রভাব সবচাইতে বেশি দেখা যায়। বিভিন্ন স্বাদগন্ধের কম ফলনশীল স্থানীয় জাতগুলোর পরিবর্তে উচ্চ ফলনশীল ইরি-ব্রি ধানের চাষ শুরব করা হয়। এ ৰেত্রে (BRRI) তথা বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অবদান অনস্বীকার্য। প্রতিষ্ঠানটি এ পর্যন্ত যতগুলো উচ্চ ফলনশীল ধান জাত (HYV) উদ্ভাবন করেছে সেগুলোর বীজ ধানখেতেই উৎপাদন করা যায়। চাষিরা পরবর্তী ফসলের জন্য বীজ যেখান থেকে সংরক্ষণ করতে পারেন। অর্থাৎ ধানবীজের জন্য দেশের চাষিদের এক ধরনের সার্বভৌমত্ব রয়েছে। বর্তমানে বাংলাদেশে কৃষি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট সুপার হাইব্রিড ধান উৎপাদনের জন্য জোর গবেষণা চালাচ্ছে। শীঘ্রই হয়তো বাংলাদেশের চাষিরা এই উৎপাদনের অভিজ্ঞতা ইতোমধ্যেই অনেক চাষিরা রপ্ত করেছেন। কারণ কয়েকটি বীজ ব্যবসায়ী কোম্পানি তাদের এ কাজে সহযোগিতা করেছে। বর্তমানে চাষিরা উচ্চ ফলনশীল ধান বীজ এবং প্রতিকূল অবস্থা সহনশীল ধান বীজ ব্যবহার করে ধান ফসলের উৎপাদন বৃদ্ধি করে চলেছেন।

ঘ. চিত্রে I ও C চিহ্নদ্বারা যথাক্রমে ভারত ও চীন কে বোঝানো হয়েছে। এ দুটি দেশের কৃষির মধ্যে কিছু পার্থক্য রয়েছে।

ভারতের ভৌগোলিক বৈচিত্র্যের জন্য কৃষি পরিবেশ বৈচিত্র্যময়। বৈচিত্র্যময় এ কৃষি পরিবেশের জন্য শস্য, ফুল, ফল, সবজি, মাংস, দুধ, ডিম এমন কোনো কৃষিজ পণ্য নেই, যা ভারতে উৎপন্ন হয় না বা বাজারে পাওয়া যায় না। ভারতে রয়েছে বিশ্বের সর্ববৃহৎ ডেইরি সমবায় প্রতিষ্ঠান যা বিশ্বের জন্য অনুকরণীয় উদাহরণ। এদেশের কৃষিবিজ্ঞান ও প্রকৌশলে অভূতপূর্ব অগ্রগতি হয়েছে। ভারতীয় কৃষিজ পণ্যের অন্যতম আমদানিকারক দেশ হচ্ছে বাংলাদেশ। অন্যদিকে চীন ফসলের বংশগতির পরিবর্তন এমনভাবে ঘটাতে সক্ষম হয়েছে যে, তাদের অধিকাংশ ফসল আর মৌসুম নির্ভরশীল নেই। প্রতি হেক্টরে সর্বোচ্চ পরিমাণ ধান, গম, ভুট্টা উৎপাদনের ক্ষমতা চীনা কৃষক ও বিজ্ঞানীদের কব্জায় রয়েছে। চীনের ধান গবেষকগণ দাবি করছেন আগামী প্রজন্মের ধান জাতগুলো এখনকার চাইতে দ্বিগুণ উৎপাদন দেবে। বাংলাদেশে সদ্য প্রযুক্তি হাইব্রিড ধান বীজের একটা বড় জোগানদার চীন।

উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায়, দুইটি দেশই কৃষিতে উন্নত।

**প্রশ্ন –৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

চাটমোহর উপজেলার নিরু শ্রাবণ মাসের তীব্র গরম ও বৃষ্টির দিনে সবজি কেনার জন্য বাজারে গিয়ে লক্ষ করে বাবুল নামে একজন শিক্ষিত যুবক টমেটো বিক্রি করছেন। নিরু টমেটো বিক্রেতার কাছে দাম জানতে চাইলে তিনি বলেন, প্রতি কেজি ১০০ টাকা। দাম শুনে নিরু অবাক হয়ে এর কারণ জানতে চায়। উত্তরে বাবুল বলেন, এ সময় টমেটো উৎপাদনের জন্য স্বচ্ছ পলিথিন দিয়ে বিশেষ কৌশলে ঘর তৈরি করতে হয়। বাবুল আরও বলেন, এর ফলে আমি অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছি।

ক. Food and Agricultural Organization এর সংক্ষিপ্ত রূ প লিখ? ১

খ. অঙ্গজ উপায়ে বংশবিস্তারের ক্ষেত্রে মাতৃগাছের গুণাগুণ হুবহু বজায় থাকে— ব্যাখ্যা কর। ২

গ. বাবুলের টমেটো উৎপাদন কৌশলের পূর্বশর্তগুলো লিখ। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রচেষ্টা বাস্তবায়িত হলে কৃষকদের কর্মহীনতা দূর হবে— মূল্যায়ন কর। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

ক. Food and Agricultural Organization এর সংক্ষিপ্ত রূ প হলো FAO.

খ. অঙ্গজ উপায়ে বাংশবিস্তারের সবচেয়ে বড় সুবিধা হলো এক্ষেত্রে মাতৃগাছের গুণাগুণ হুবহু বজায় থাকে। কারণ ফুলের পরাগায়নের সময় পিতৃগাছের গুণাগুণ যুক্ত হওয়ার যে সুযোগ জীবতাত্ত্বিক বীজে থাকে, অঙ্গজ প্রজননে সেই আশঙ্কা থাকে না। এর ফলে নতুন সৃষ্ট উদ্ভিদে মাতৃউদ্ভিদের গুণাগুণ সম্পূর্ণ অক্ষুণ্ন থাকে।

গ. বাবুল শীতকালীন ফসল টমেটো শ্রাবণ মাসে চাষের জন্য স্বচ্ছ পলিথিন দিয়ে বিশেষ কৌশলে এক প্রকার ঘর তৈরি করেন।

এরূ প চাষ পদ্ধতির জন্য কিছু পূর্বশর্তও রয়েছে। যেমন—

১. ফসলের পরিবেশ ও পুষ্টি সম্পর্কে জানা আবশ্যক।

২. প্রয়োজনীয় পরিবেশ সৃষ্টি ও পুষ্টি সরবরাহের নিখুঁত যান্ত্রিক ব্যবস্থা স্থাপন ও পরিচালনা করা।

৩. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ শক্তির প্রবাহ নিশ্চিতকরণ। লাভজনকভাবে এই ধরনের বিশেষ ফসলে এই কৌশল ব্যবহার করা যায়। বর্তমানে এই ফসলগুলোর বাজারমূল্য অনেক বেশি।

অর্থাৎ নিখুঁত আয়োজন ও পরিচারণা নিশ্চিত করতে পারলে প্রায় যেকোনো ফসল এই উপায়ে উৎপাদন করা সম্ভব।

ঘ. উদ্দীপকে উলিরখিত প্রচেষ্টা বলতে শ্রাবণ মাসে বাবুলের টমেটো উৎপাদন ও বিক্রয়ের প্রচেষ্টাকে বোঝানো হয়েছে। যা বাস্তবায়িত হলে কৃষকদের কর্মহীনতা দূর হবে।

দেশের কৃষকেরা এখনও সনাতন পদ্ধতিতে ফসল চাষ করে থাকেন। তারা এখনও ফসল চাষ করার জন্য নির্দিষ্ট মৌসুমের জন্য অপেক্ষা করে থাকেন। যার ফলে কৃষকরা বছরের কিছু সময় বেকার থাকেন। উদ্দীপকের বাবুলের পদ্ধতিটি সারা দেশে ছড়িয়ে দিতে পারলে, কৃষকরা সবসময় চাষের কাজে ব্যস্ত থাকতে পারবে। কারণ এ পদ্ধতিতে চাষ করলে মৌসুমের দিকে তাকিয়ে থাকতে হয় না। তাছাড়া এ পদ্ধতিতে ফসলের রোগবালাই কম হয়। বারোমাসি উৎপাদনের এ পদ্ধতির বিকল্প নেই। এটি কৃষকদের বেকারত্ব দূর করে কর্মব্যস্ত করে তোলে।

সুতরাং বলা যায়, এরূ প স্বয়ং সম্পূর্ণ পদ্ধতি ব্যবহার কৃষকদের কর্মহীনতা দূর করবে।

**প্রশ্ন –৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আবিদা একজন আদিম যুগের নারী। যিনি পর্যবেক্ষণ করে দেখেছিলেন যে, গাছের বীজ থেকে চারা উৎপাদন হয় এবং মা গাছের গুণাগুণসহ বড় হয়। পরে সে গাছ মায়ের মতো ফল দেয়। তার এই অতিক্ষুদ্র আবিষ্কার মানব সভ্যতার ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

ক. হরিধান নামের ধান কে নির্বাচন করেছেন? ১

খ. বন্যা, খরা, লবণাক্ততা সমস্যা দূরীকরণে বাংলাদেশের কৃষিবিজ্ঞানীরা কোন ধরনের ধানের জাত উদ্ভাবন করেছেন? ২

গ. আবিদা কীভাবে সংগৃহীত বীজ থেকে চারা গজাতে পারেন বর্ণনা কর। ৩

ঘ. বীজের বংশবিস্তার পদ্ধতি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

ক. ঝিনাইদহের হরিপদ কাপালি হরিধান নামে একটি ধান নির্বাচন করেছেন।

খ. বন্যা, খরা, লবণাক্ততা সমস্যা দূরীকরণে বাংলাদেশের কৃষিবিজ্ঞানীরা বেশ অগ্রসর হয়েছেন। এজন্য বন্যার শেষে ধান চাষের জন্য বিলম্ব জাত হিসেবে ধান গবেষণা ইন্সটিটিউট কিরণ ও দিশারি নামে দুটি ধানের জাত উদ্ভাবন করেছেন। সম্প্রতি বন্যাকবলিত এলাকার জন্য ব্রি ধান-৫১ ও ব্রি ধান-৫২ নামে আরও দুটি জাতের ধান উদ্ভাবন করেছেন। এই জাতের ধান দুটি পানির নিচে ১০-১৫ দিন টিকে থাকতে পারে।

গ. উদ্দীপকের আবিদা সঠিকভাবে বীজ সংরক্ষণ করে বীজ থেকে চারা গজাতে পারেন। যেকোনো গাছের বীজ থেকে ঐ গাছের চারা উৎপাদন হয়।
আবিদাকে সর্বপ্রথম সংগৃহীত বীজ পরিষ্কার করে ভালোভাবে রোদে শুকাতে হবে। তারপর তাকে সেই শুকানো বীজ শীতল, শুষ্ক জায়গায় রাখতে হবে। নতুন প্রজন্মের গাছে উৎপাদনের জন্য সংগৃহীত বীজকে উপযুক্ত সময় ও উপযুক্ত জায়গায় তিনি বুনবেন। মাটিতে বীজ ধানের পদ্ধতি হলো শক্ত কিছু দিয়ে খুঁচিয়ে মাটি নরম করে তাতে বীজ বপন করতে হবে। বীজ বপনের পর পানি দিয়ে ভিজিয়ে দিলে অল্প কয়েক দিনের মধ্যেই চারাগাছ গজাবে। উপরিউক্ত পদ্ধতি অনুসরণ করে আবিদা গাছের উৎকৃষ্ট চারা গজাতে পারেন।

ঘ. উদ্দীপকের আবিদা দেখেছেন গাছের বীজ থেকে ঐ গাছের চারা উৎপাদিত হয়, এটি বীজের বংশবিস্তার। এই ধরনের প্রজননে মাতৃগাছের সকল গুণাগুণ হুবহু পাওয়া যায়। অর্থাৎ যেকোনো গাছের বীজ থেকে ঐ গাছের চারা উৎপাদন হয় এবং মা গাছের গুণাগুণসহ বড় হয়ে মা গাছের মতো একই ফলন দেয়। স্ত্রী ফুলের ডিম্বাণু পুরুষ ফুলের রেণু দ্বারা নিষিক্ত হওয়ার পর এ বীজ ফলের ভেতর বা বিশেষ ক্ষেত্রে বাইরে পরিপক্ব হয়। পরবর্তী প্রজন্মের গাছের ভ্রূণ এই বীজের মধ্যে ঘুমিয়ে থাকে বা বিদ্যমান থাকে। উপযুক্ত আবহাওয়া ও পরিবেশে এই ভ্রূণ জেগে ওঠে। তারপর বাইরে বেরিয়ে আসে। এবং বড় হয়ে মায়ের গুণাগুণ বহনকারী গাছ হয়।

**প্রশ্ন -৭ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শাপলা পত্রিকায় বাংলাদেশে ভিয়েতনাম, ভারত ও চীন থেকে খাদ্য আমদানির জন্য সংবাদটি পড়ল। কিন্তু আমদানি পরিভাষাটি বুঝতে না পেরে বাবাকে জিজ্ঞাসা করল। বাবা তাকে বিষয়টি ভালোভাবে বুঝিয়ে দিলেন এবং বললেন, বাংলাদেশ এখন অন্য দেশ থেকে আমদানি নির্ভরশীলতা কমিয়ে এনেছে। বর্তমানে বাংলাদেশে কৃষির আধুনিক যুগের সূচনা হয়েছে।

ক. ভারতীয় কৃষিজ পণ্যের অন্যতম আমদানিকারক দেশ কোনটি? ১

খ. চীনের কৃষি ব্যবস্থা কেমন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উলিরখিত ভারত ও ভিয়েতনামের কৃষি ব্যবস্থার বর্ণনা দাও। ৩

ঘ.উদ্দীপকে শাপলার বাবার উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

ক. ভারতীয় কৃষিজ পণ্যের অন্যতম আমদানিকারক দেশ হলো বাংলাদেশ।

খ. সমাজতান্ত্রিক পরিকল্পিত উৎপাদন ও বণ্টন ব্যবস্থার সুবিধাগুলো চীনের কৃষি ব্যবস্থার উন্নয়নে খুবই সহায়ক ভূমিকা পালন করেছে। বিশ্বের সর্ববৃহৎ জনসংখ্যার দেশ হলেও চীনে খাদ্য ঘাটতির কথা শোনা যায় না। প্রতি হেক্টরে সর্বোচ্চ পরিমাণ ধান, গম, ভুট্টা উৎপাদনের ক্ষমতা চীনা কৃষক ও বিজ্ঞানীদের কব্জায় রয়েছে। এ দেশটির কৃষক সমাজ অত্যন্ত সুদৃঢ়।

গ. ভারত ও ভিয়েতনামের কৃষি ব্যবস্থা অত্যন্ত উন্নত।
ভারত এশিয়া মহাদেশের একটি বৃহত্তম দেশ। ভৌগোলিক বৈচিত্র্যের দেশও বটে। ভারতের কিছু মরু অঞ্চল ছাড়া সমগ্র পার্বত্য ও সমতল অঞ্চলই কৃষি প্রধান। কৃষি পরিবেশেও দেশটি বৈচিত্র্যময়। ভারতে রয়েছে বিশ্বের সর্ববৃহৎ ডেইরী সমবায় প্রতিষ্ঠান যা বাকি বিশ্বের জন্য অনুকরণীয়। ভারতের কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি শুধু ভারতের কৃষি ব্যবস্থার কাজে লাগছে না, বিশ্বও উপকৃত হচ্ছে।
অপরদিকে ভিয়েতনামের কৃষি সমবায় সংগঠনগুলো অত্যন্ত শক্তিশালী ও সৃজনশীল। ভিয়েতনামের অগ্রগতিতে তাদের কৃষক সমাজ ও কৃষির অবদান বিরাট। বিশ্বের অন্যতম প্রধান চাল রপ্তানিকারক দেশ আজ ভিয়েতনাম। কৃষি প্রযুক্তি বিকাশে গত কয়েক বছরে এদের সাফল্য বিস্ময়কর। কৃষি সমবায় সংগঠনগুলো এত শক্তিশালী যে এরা স্থানীয় সরকারের বাৎসরিক ব্যয়ের অন্তত ৫০% যোগান দেয়। স্থানীয় কৃষি গবেষণা ও কৃষি সম্প্রসারণ প্রতিষ্ঠানগুলোকেও তারা আর্থিক সহায়তা দেয়।

ঘ. উদ্দীপকে শাপলার বাবা বাংলাদেশের কৃষির আধুনিক যুগের কথা বলেছেন। স্বাধীন বাংলাদেশের যাত্রাকালে দেশে একটি কৃষি বিশ্ববিদ্যালয়, একটি কৃষি কলেজ, একটি ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, কয়েকটি কৃষি সম্প্রসারণ ট্রেনিং ইনস্টিটিউট ছিল। বর্তমানে দেশে চারটি কৃষি বিশ্ববিদ্যালয় এবং একটি ভেটেরিনারি বিশ্ববিদ্যালয় চালু আছে। এর পাশাপাশি প্রায় সকল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কৃষি ও পশুপালন অনুষদ চালু আছে। বর্তমানে সকল কৃষি ফসলের জন্য বিশেষায়িত গবেষণাগার রয়েছে। প্রতিবছর শহর ও গ্রামাঞ্চলে কৃষি মেলা অনুষ্ঠিত হচ্ছে। কৃষিকে অধিকতর পরিবেশ বান্ধব করার জন্য সমন্বিত বালাই ব্যবস্থাপনা IPM সহ উত্তম কৃষি কার্যক্রমে কৃষকদের উৎসাহিত ও দক্ষ করে তোলার বিবিধ কার্যক্রম চালু করা হয়েছে। দেশে পোল্ট্রি একটি কৃষি শিল্প হয়ে দাঁড়িয়েছে এবং বাজারে মাছের একটা বড় অংশ এখন আসছে চাষকৃত মাছ থেকে। কৃষি বিশ্ববিদ্যালয়গুলোতে স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রি পর্যায়ের শিক্ষা সম্প্রসারিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার মাধ্যমে বিভিন্ন কৃষি সমস্যার সমাধানে বিভিন্ন কৃষিপ্রযুক্তি আবিষ্কৃত হচ্ছে। ফসলের উপর প্রতিকূল পরিবেশের প্রভাব হ্রাসের লক্ষ্যে বিভিন্ন উন্নত জাতের ফসল উদ্ভাবিত হচ্ছে। বায়োটেকনোলজি বা জীব কৌশল বিজ্ঞানে অগ্রগতি বাংলাদেশের কৃষিতে নতুন সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। বাংলাদেশি বিজ্ঞানী কর্তৃক পাটের জেনেটিক ম্যাপ আবিষ্কার একটি উল্লেখযোগ্য ঘটনা।

তাই বলা যায়, শাপলার বাবার উক্তিটি যথার্থ ও সঠিক।

**প্রশ্ন -৮ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

B, I ও V এই তিনটি দেশের মধ্যে সবচেয়ে বড় মিল হচ্ছে ধান উৎপাদন। I ধান ছাড়াও অন্যান্য ফসল উৎপাদনে B থেকে এগিয়ে আছে। অন্যদিকে, V এর কৃষকদের অগ্রগতি B এর চেয়ে দ্রুত। B-এর ইতোমধ্যে V থেকে বেশ কিছু মাঠ প্রযুক্তি আত্তীকৃত হয়েছে। এছাড়াও পাট, চামড়া, ইলিশ ইত্যাদি কিছু পণ্য ছাড়া প্রায় সকল কৃষিপণ্য ভারত থেকে B দেশে রপ্তানি হয়।

ক. ভারত গোটাবিশ্বের জন্য অনুকরণীয় কেন? ১

খ. ধানসহ ভারত আর কী কী উৎপাদনে বাংলাদেশের থেকে এগিয়ে? ২

গ. V ও B দেশের কৃষি ব্যবস্থার তুলনামূলক আলোচনা কর। ৩

ঘ. I ও B দেশের কৃষি ব্যবস্থা সম্পর্কে আলোচনা কর। ৪

### ▶◀ ৮নং প্রশ্নের উত্তর ▶◀

ক. ভারত রয়েছে বিশ্বের সর্ববৃহৎ ডেইরি সমবায় প্রতিষ্ঠান যা সারাবিশ্বের জন্য অনুকরণীয় উদাহরণ।

খ. ভারত ধানসহ অন্যান্য শস্য, ডাল, ফসল, ফুল, শাকসবজি, ভোজ্য তেলবীজ, তুলা, আখ ইত্যাদি মাঠ ও উদ্যান ফসল, পোলট্রি, ডেইরি, মৎস্য অর্থাৎ প্রায় সকল কৃষিপণ্য উৎপাদনে বাংলাদেশের থেকে এগিয়ে।

গ. উলিখিত V দেশটি হলো ভিয়েতনাম ও B হলো বাংলাদেশ। ভিয়েতনাম ও বাংলাদেশের কৃষিতে সবচেয়ে বড় মিল ধান উৎপাদন। তবে এক্ষেত্রে দৃশ্যত ভিয়েতনামের কৃষকদের অগ্রগতি বাংলাদেশের চেয়ে দ্রুত। পঁচিশ বছর আগে যেখানে ভিয়েতনামের কৃষি উৎপাদন অনগ্রসর ও দুর্বল ছিল। এখন ভিয়েতনাম কৃষিজ উৎপাদনের প্রায় সকল ক্ষেত্রে বাংলাদেশকে ছাড়িয়ে গেছে। এই গতি পাওয়ার প্রধানতম কারণ হলো ভিয়েতনামের কৃষক সমাজ অত্যন্ত সংগঠিত। ভিয়েতনামের কৃষি সমবায় সংগঠনগুলো অত্যন্ত শক্তিশালী ও সৃজনশীল। ভিয়েতনামে এমন কৃষক খুঁজে পাওয়া যাবে না যিনি কোনো না কোনো সমবায় সংগঠনের সদস্য নন। কৃষি সমবায় সংগঠনগুলো এত শক্তিশালী যে এরা স্থানীয় সরকারের বার্ষিক ব্যয়ের অন্তত ৫০% জোগান দিয়ে থাকে। এমনকি স্থানীয় কৃষি গবেষণা ও কৃষি সম্প্রসারণ প্রতিষ্ঠানগুলোকেও আর্থিক সহায়তা দেয় এবং এই সকল সংস্থার নীতি ও কর্মপদ্ধতি নির্ধারণে ভূমিকা রাখে। বাংলাদেশে ইতোমধ্যে ভিয়েতনাম থেকে বেশ কিছু মাঠ প্রযুক্তি আত্তীকৃত হয়েছে।

উপরিউক্ত আলোচনা শেষে বলা যায় যে, ভিয়েতনামের কৃষি ব্যবস্থা বাংলাদেশ থেকে উন্নত। তবে ধীরে ধীরে বাংলাদেশও উন্নত হচ্ছে।

ঘ. I উল্লিখিত দেশটি হলো ভারত। আর B দ্বারা বাংলাদেশকে বোঝানো হয়েছে। ভারত আমাদের পার্শ্ববর্তী দেশ। এদেশের সঙ্গে আমাদের ঐতিহাসিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক সম্পর্ক দীর্ঘদিনের। কৃষির ক্ষেত্রে এই যোগাযোগ দুই দেশেরই ঐতিহ্যের অঙ্গ। দুটি দেশই জনসংখ্যা দ্রুত বৃদ্ধির কারণে সমস্যাগ্রস্ত।

তা সত্ত্বেও ভারতের কৃষি বাংলাদেশের চেয়ে অনেক অগ্রসর। একই ইতিহাস-ঐতিহ্যের অংশীদার হওয়ার পরও গত ষাট-সত্তর বছরে এই ব্যতিক্রমী পরিবর্তনের ধারা চলেছে। এর প্রধান দুটি কারণের একটি হলো এই যে ভারতের কৃষক বাংলাদেশের কৃষকদের চেয়ে অনেক সংগঠিত; আর অপর প্রধান কারণ হলো কৃষিবিজ্ঞান ও প্রকৌশলে ভারতের অভূতপূর্ব অগ্রগতি। ভারতীয় বিজ্ঞানীরা শুধু ভারতের কৃষিকেই নয় বিশ্বের কৃষিকেও নেতৃত্ব দিচ্ছেন। অবশ্য ভারতে কাজের ক্ষেত্রও সুবিশাল।

বাংলাদেশের প্রায় পঞ্চাশগুণ বড় এই দেশটিতে কৃষি পরিবেশের বৈচিত্র্য একদিকে যেমন চ্যালেঞ্জ অপরদিকে ততটাই সম্ভাবনাময়। অন্যদিকে বাংলাদেশের কৃষি সম্ভাবনাময় হলেও সমৃদ্ধ নয়।

পাট, চামড়া, ইলিশ ইত্যাদি কিছু পণ্য ছাড়া প্রায় সকল কৃষিপণ্য ভারত থেকে বাংলাদেশে রপ্তানি হয়।

**প্রশ্ন -৯ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

বাংলাদেশের মাটি বন্যা, খরা, লবণাক্ততা ইত্যাদি সমস্যা দ্বারা জর্জরিত। উক্ত সমস্যাগুলো সমাধানকালে বিজ্ঞানীরা নতুন ফসলের জাত উদ্ভাবন করেছেন। এছাড়া কৃষির মূল ক্ষেত্র নিয়ে বিজ্ঞানীদের গবেষণার অন্ত নেই। তাদের উদ্ভাবিত প্রযুক্তিগুলোর কারণে শস্যের উৎপাদনশীলতা আগের তুলনায় অনেক গুণ বৃদ্ধি পেয়েছে।

ক. কৃষি গবেষণা ইনস্টিটিউট কোথায় স্থাপন করা হয়? ১

খ. কৃষি উৎপাদন অগ্রগতি জীবনাযাত্রায় কীরূ প প্রভাব ফেলছে? ২

গ. উলিরখিত সমস্যা সমাধানে বিজ্ঞানীদের অবদান ব্যাখ্যা কর। ৩

ঘ.কৃষির মূলৰেত্র নিয়ে গবেষণার কারণে কৃষিতে যে ইতিবাচক পরিবর্তন দেখা যাচ্ছে সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

## ৯নং প্রশ্নের উত্তর

ক. গাজীপুরে কৃষি গবেষণা ইনস্টিটিউট স্থাপন করা হয়।

খ. কৃষি উৎপাদনে অগ্রগতি গ্রামীণ মানষের জীবনযাত্রায় পরিবর্তন এনেছে। সময়ের সাথে সাথে কৃষিকাজে যন্ত্রের ব্যবহার বাড়ছে। উৎপাদন বৈচিত্র্য বাড়ছে, সেই সাথে সাথে প্রতিযোগিতাও বাড়ছে। একই সাথে বাড়ছে পুঁজির ব্যবহার। মাছ, মুরগি ও ডিম উৎপাদন প্রায় শিল্পের পর্যায় পৌঁছে গেছে। এর ফলে মানুষের জীবনযাত্রার মান ও উন্নত হয়েছে।

গ. বাংলাদেশের প্রধান কৃষি সমস্যা হলো বন্যা, খরা, লবণাক্ততা প্রভৃতি। এ সমস্যা দূরীকরণের জন্য বিজ্ঞানীরা বেশ অগ্রসর হয়েছেন।

তার ফলস্বরূ প, বন্যার শেষ ধান চাষের জন্য ধান গবেষণা ইনস্টিটিউট বিকল্প জাত হিসেবে কিরণ ও দিশারি নামে দুটি ধানের জাত উদ্ভাবন করেছে। তাছাড়া, সম্প্রতি বন্যাকবলিত এলাকার জন্য ব্রি ধান–৫১ ও ব্রি ধান–৫২ নামে আরও দুটি জাতের ধান উদ্ভাবন করেছে। এই দুটি জাতের ধান পানির নিচে ১০–১৫ দিন টিকে থাকতে পারে। কৃষিৰেত্রে যা একটি গুরবত্বপূর্ণ অবদান।

বন্যার মতো খরা ও লবণাক্ততা কৃষকদের নিকট অনেক বড় সমস্যা। এজন্য, বিজ্ঞানীরা ব্রি–৫৬ নামের ধান উদ্ভাবন করেছেন। উপকূল অঞ্চলের লবণাক্ততার সমস্যা দূরীকরণে ব্রি ধান–৪৫ ও ব্রি ধান–৪৭ উদ্ভাবন করা হয়েছে।

ঘ. উদ্দীপকে কৃষির মূলৰেত্র বলতে মাটিকে বোঝানো হয়েছে।

কৃষির মূল ৰেত্র হলো মাটি বা জমি, এটি নিয়ে বিজ্ঞানীদের গবেষণার নিরন্তর প্রয়াস চলছে। ইতিমধ্যে মাটির গঠন, প্রকারভেদ, মাটির উর্বরতা, মাটিতে বসবাসকারী অণুজীব ও এদের উপকারিতা সম্পর্কে বিজ্ঞানীরা অনেক গুরবত্বপূর্ণ তথ্য আবিষ্কার করেছেন। ফসলি উদ্ভিদ, গবাদি পশুপাখি, মাছ ও অন্যান্য জলজ প্রাণীর পুষ্টি, বৃদ্ধি, প্রজনন, নিরাময় ব্যবস্থা ইত্যাদি নানা বিষয় বিজ্ঞানীদের উদ্ভাবিত এই প্রযুক্তিগুলো কৃষকরা স্বতঃস্ফূর্তভাবে গ্রহণ করেছে।

ফলে, স্বাস্থ্যসম্মত সুষম খাদ্য উৎপাদনে কৃষির অগ্রযাত্রা অব্যাহত রয়েছে। উদ্ভিদ ও প্রাণীর বংশগতিবিজ্ঞান আজ কৃষিতে ব্যাপক সাফল্য এনে দিয়েছে। উচ্চ ফলনশীল ধান, গম, ভুট্টা, যব প্রভৃতি শস্যের উৎপাদনশীলতা আগের তুলনায় অনেকগুণ বেড়ে গিয়েছে।

এ আলোচনা থেকে বলা যায়, মাটি নিয়ে গবেষণা কৃষির উন্নয়নে ইতিবাচক প্রভাব রাখছে।

**প্রশ্ন –১০ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শাহ জামাল কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা করে তার পিতার জমিতে উন্নত প্রযুক্তি ব্যবহার করে সমন্বিত কৃষি কাজ শুরু করেন। অল্পদিনের মধ্যেই তিনি সাফল্য পান এবং এলাকার অসচ্ছল কৃষকদের শ্রদ্ধার পাত্র হয়ে ওঠেন। তার সাফল্য কৃষকদের নতুন নতুন প্রযুক্তি গ্রহণে উদ্বুদ্ধ করে। [মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়]

ক. বাংলাদেশের কৃষির প্রধান সমস্যা কয়টি? ১

খ. 'আদি কৃষির উৎপত্তি ও বিকাশ সাধারণ মানুষের হাতেই'– ব্যাখ্যা কর। ২

গ. শাহ জামালের কৃষিকাজ উন্নত প্রযুক্তিনির্ভর–ব্যাখ্যা কর। ৩

ঘ.এলাকার কৃষকদের নতুন নতুন প্রযুক্তি গ্রহণে উদ্বুদ্ধ হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

## ১০নং প্রশ্নের উত্তর

ক. বাংলাদেশের কৃষির প্রধান সমস্যা ৪টি।

খ. আদি সমাজে মানুষ ফলমূল আহরণ ও পশু শিকার করে জীবন ধারণ করত। প্রাকৃতিকভাবে উৎপাদিত গাছ থেকে ফল আহরণ করার সাথে সাথে তারা তাদের নিটকবর্তী স্থানে বীজ বপন করে গাছ পালা উৎপাদন শুরব করে। এভাবেই সাধারণ মানুষের হাতে কৃষি সূচনা ও বিকাশ লাভ করে।

গ. শাহ জামাল কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা করে তার পিতার জমিতে উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে চাষ শুরু করেন। কৃষি কাজে আধুনিকায়ন শুরু হয় ষাট দশকে। আধুনিক কৃষিতে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার কৃষি উৎপাদনে বয়ে এনেছে ব্যাপক সাফল্য। অর্থাৎ চাষের জন্য সার, সেচ ও অন্যান্য পরিচর্যার জন্য আধুনিক যন্ত্রপাতির চাহিদা কৃষিতে বাড়তে থাকে।

বিভিন্ন স্বাদ–গন্ধের কম ফলনশীল স্থানীয় ধান জাতগুলোর পরিবর্তে উচ্চ ফলনশীল ইরি–ব্রি ধানের চাষ শুরু করা হয়। এজন্য চাষের জন্য সার, সেচ ও অন্যান্য পরিচর্যার জন্য আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হয়। উদ্দীপকের শাহজামাল হাইব্রিড রাইস নামে এক ধরনের ধান প্রযুক্তির মাধ্যমে ব্যবহার করে। নিয়মকানুন মেনে সে চাষ করছে বলেই উচ্চ ফলনশীল ধানের চেয়েও এই ধান বেশি ফলন দিয়েছে। তাই বলা যায় শাহ জামালের কৃষি কাজ প্রযুক্তি নির্ভর ছিল।

ঘ. উদ্দীপকের শাহ জামালের এলাকার কৃষকদের নতুন নতুন প্রযুক্তি গ্রহণে উদ্বুদ্ধ হওয়ার কারণ হলো কৃষিৰেত্রে শাহজামালের সফল হওয়া। প্রাচীনকাল থেকে কৃষিই ছিল এদেশের মানুষের অন্যতম অবলম্বন। সময়ের ধারাবাহিকতায় সেই প্রাচীন কৃষিতে লেগেছে আধুনিকতার ছোঁয়া। আধুনিক কৃষিবিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার কৃষি উৎপাদনে বয়ে এনেছে ব্যাপক সাফল্য।

উদ্দীপকের শাহ জামাল তার এলাকায় কৃষিপ্রযুক্তি ব্যবহার করে উন্নতমানের ফসল চাষ করেছে যা তাকে অধিক ফলন দিয়েছে। নিয়মকানুন মেনে যে হাইব্রিড রাইস নামে ধান চাষ করেছে বিধায় উচ্চফলনশীল ধানের চেয়েও বেশি ফলন পেয়েছে। এসব কারণে গ্রামের কৃষকরা উন্নত প্রযুক্তি ব্যবহার করতে উদ্বুদ্ধ হয়েছে। তাছাড়া কৃষি উৎপাদনের এরূ প অগ্রগতি গ্রামীণ কৃষকের জীবনযাত্রায় পরিবর্তন এনেছে। সুতরাং বলা যায়, উচ্চ ফলনশীল ধানের চেয়েও বেশি ফলন পাওয়ার জন্য গ্রামীণ কৃষকেরা উন্নত প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধ হয়েছে।

**প্রশ্ন –১১ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

চীনের কৃষি আমাদের চেয়ে অনেক উন্নত। এর প্রধান কারণ মৌসুম নিরপেক্ষ ও হাইব্রিড জাতের ফসল চাষ। এ ধরনের ফসল চাষ করে আমরাও কৃষি উৎপাদন কয়েকগুণ বাড়াতে পারি এবং নিজেদের প্রয়োজন মিটিয়ে বাড়তি ফসল বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারি। [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. ব্রিটিশ সরকারের পোড়ামাটি নীতি কী ছিল? ১
খ. এদেশের কৃষির উন্নয়নে ব্রিটিশ সরকারের গৃহীত পদক্ষেপসমূহ লেখ। ২
গ. উদ্দীপকের দেশটির সাথে বাংলাদেশের কৃষির তুলনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ফসল চাষ করে আমরা কীভাবে লাভবান হতে পারি? বিশ্লেষণ কর। ৪

## ১১নং প্রশ্নের উত্তর

ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে জাপানি সেনাদের ভয়ে বাংলা ও আসামের খাদ্যগুদামের খাদ্যশস্য পশ্চিমে স্থানান্তর করা হয়েছিল নয়তো ধ্বংস করা হয়েছিল। এটিই ছিল ব্রিটিশ সরকারের পোড়ামাটি নীতি।

খ. এদেশের কৃষির উন্নতির জন্য ব্রিটিশ সরকার অনেকগুলো গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছিল। যেমন– আসাম ও বাংলার জন্য ঢাকার শেরে বাংলা নগরে একটি কৃষি ইন্সটিটিউট, কুমিল্লায় একটি ভেটেরিনারি কলেজ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদ খুলে ডিগ্রি পর্যায়ে কৃষি শিক্ষা চালুর ব্যবস্থা করা হয়। এছাড়া ব্রিটিশ আমলে কৃষি বিভাগ নামে একটি বিশেষায়িত দপ্তর চালু করা হয়।

গ. উদ্দীপকে উল্লিখিত দেশটি হলো চীন। চীনের কৃষিব্যবস্থার সাথে বাংলাদেশের কৃষিব্যবস্থার অনেক পার্থক্য রয়েছে। কারণ সমাজতান্ত্রিক পরিকল্পিত উৎপাদন ও বণ্টন ব্যবস্থার সুবিধাগুলো চীনের কৃষি ব্যবস্থার উন্নয়নে খুবই সহায়ক ভূমিকা পালন করেছে। বাংলাদেশের তুলনায় চীন কৃষিতে অনেক উন্নত দেশ। ফসলওয়ারি তুলনা করলে কিছু ব্যতিক্রম ছাড়া প্রায় সকল কৃষিজাত ফসল উৎপাদন হেক্টর প্রতি চীনে বেশি। কারণ জিনগত অর্থাৎ বংশগত পরিবর্তন এমনভাবে তারা ঘটাতে সক্ষম হয়েছে যে তাদের অধিকাংশ ধানের জাতে মৌসুমনির্ভরশীলতা আর নেই। এ জাতগুলো আগে প্রচলিত জাতগুলোর চেয়ে হেক্টর প্রতি সাতগুণ পর্যন্ত ফলন দিচ্ছে। ঐতিহ্যগতভাবে ধান বীজের জন্য বাংলাদেশের চাষিদের বীজ ব্যবসায়ীদের মুখাপেক্ষী হয়ে না থাকলেও চলে। কেননা দেশের মোট ব্যবহৃত ধান বীজের অন্তত ৮৫% চাষিরা নিজেরাই সঞ্চয় ও ব্যবহার করে। বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (BRRI) এ পর্যন্ত যতগুলো উচ্চ ফলনশীল ধান জাত (HYV) উদ্ভাবন করে কৃষকের হাতে তুলে দিয়েছে সেগুলোর বীজ ধানখেতেই উৎপাদন করা যায় এছাড়া চীনের কৃষি ব্যবস্থা বাংলাদেশের চেয়ে উন্নত প্রযুক্তি নির্ভর।

ঘ. উদ্দীপকে উল্লিখিত ফসল হলো হাইব্রিড ও মৌসুম নিরপেক্ষ জাতের ফসল।
মৌসুমনির্ভরতামুক্ত ফসল চাষ করে কৃষকরা নিম্নলিখিত সুবিধাগুলো নিশ্চিত করতে পারবে–

১. বাজারে অসময়ের ফল ও সবজির চাহিদা খুবই বেশি। এসব অসময়ের ফসল উচ্চমূল্যে বিক্রি হয়। কৃষক ও খুচরা বিক্রেতা উভয়েই আগাম ফসল উৎপাদন ও বিক্রয় করে বাড়তি পয়সা উপার্জন করতে পারে।
২. ঋতুচক্র সংশ্লিষ্ট কর্মহীনতা দূর হয়ে কৃষককে মোটামুটি সারা বছর কর্মব্যস্ত রাখতে পারে।
৩. একই কারণে গ্রামীণ কর্মশক্তিকে সারা বছর কাজের নিশ্চয়তা দিতে পারে।
৪. 'মঙ্গা' বা এই ধরনের সাময়িক দুর্ভিক্ষাবস্থা থেকে রক্ষা পাওয়া যেতে পারে।
৫. বাজারে কৃষিপণ্য বৈচিত্র্য বৃদ্ধি করতে পারে।
৬. পুষ্টি সমস্যার সমাধান সহজতর করতে পারে।
৭. আমদানি নির্ভরতা কমিয়ে এনে বৈদেশিক মুদ্রার সাশ্রয় হতে পারে।
৮. কৃষি গবেষণাকে মৌসুম নির্ভরতামুক্ত করা যায়।

অপরদিকে, হাইব্রিড জাতের ফসল চাষ করেও আমরা লাভবান হতে পারি। হাইব্রিড জাতের ফসলের উৎপাদন ক্ষমতা অন্যান্য ফসলের চেয়ে কয়েকগুণ বেশি। এ কারণে অল্প জমিতে ফসল চাষ করে আমরা বেশি ফলন পেতে পারি এবং অর্থনৈতিকভাবে লাভবান হতে পারি।

**প্রশ্ন –১২ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নড়াইলের কৃষক করিম টিভিতে ভারতের কৃষির উপর একটি সচিত্র প্রতিবেদন দেখছিলেন। প্রতিবেদনে বাংলাদেশের মতো জনসংখ্যা সমস্যায় জর্জরিত ভারতের কৃষিক্ষেত্রে অগ্রসরতা ও দেশটির কৃষি পরিবেশের বৈচিত্র্য সম্পর্কে দেখানো হচ্ছিল। অনুষ্ঠানের কৃষি প্রযুক্তি যথাযথভাবে প্রয়োগ করতে না পারার কারণে বাংলাদেশ কৃষিক্ষেত্রে ভারতের চেয়ে পিছিয়ে আছে। [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. ভারতীয় কৃষিজ পণ্যের অন্যতম আমদানিকারক দেশ কোনটি? ১

খ. ভারতকে কেন বৈচিত্র্যপূর্ণ দেশ বলা হয়? ২

গ. কৃষিক্ষেত্রে ভারতের অগ্রসরতার কারণসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ.'বাংলাদেশ আধুনিক কৃষিপ্রযুক্তি যথাযথভাবে প্রয়োগ করতে না পারার কারণে কৃষিক্ষেত্রে ভারতের চেয়ে পিছিয়ে আছে' –বিশ্লেষণ কর। ৪

### ১২নং প্রশ্নের উত্তর

ক. ভারতীয় কৃষিজ পণ্যের অন্যতম আমদানিকারক দেশ বাংলাদেশ।


খ. ভারত একটি বৃহৎ দেশ। এদেশের মরু অঞ্চল থেকে শুরু করে বরফাবৃত অঞ্চল, নিচু জলাভূমি থেকে শুরু করে পার্বত্য অসমতল ভূমি, অনুর্বর খরাপ্রবণ এলাকা থেকে নদীবিধৌত উর্বর অঞ্চলও রয়েছে। দেশের এক অঞ্চলে যখন তুষারস্নাত শীতকাল অন্য অঞ্চলে তখন গ্রীষ্ম বা বসন্তকাল। এজন্য ভারতকে বৈচিত্র্যপূর্ণ দেশ বলা হয়।

গ. ভারতের কৃষি বাংলাদেশের চাইতে অনেক অগ্রসর। একই ইতিহাস–ঐতিহ্যের অংশীদার হওয়ার পরও গত ষাট–সত্তর বছরে এই ব্যতিক্রমী পরিবর্তনের ধারা চলেছে। এর প্রধান দুটি কারণের একটি হলো এই যে ভারতের কৃষক বাংলাদেশের কৃষকদের চাইতে অনেক সংগঠিত; আর অপর প্রধান কারণ হলো কৃষিবিজ্ঞান ও প্রকৌশলে ভারতের অভূতপূর্ব অগ্রগতি। ভারতীয় বিজ্ঞানীরা শুধু ভারতের কৃষিকেই নয় বিশ্বের কৃষিকেও নেতৃত্ব দিচ্ছেন। ভারতে রয়েছে বিশ্বের সর্ববৃহৎ ডেইরি সমবায় প্রতিষ্ঠান– যা বাকি বিশ্বের জন্য অনুকরণীয় উদাহরণ। এসব কারণে ভারতের কৃষি আমাদের থেকে অনেক উন্নত।

ঘ. ভারত কৃষিক্ষেত্রে বাংলাদেশের চেয়ে অনেক এগিয়ে আছে। এর কারণ বিশ্লেষণ করলে যেসব বিষয় খুঁজে পাওয়া যায় তার মধ্যে অন্যতম হলো ভারতের কৃষি অনেকাংশেই প্রযুক্তি নির্ভর। আধুনিক কৃষি প্রযুক্তিকে যথাযথভাবে কাজে লাগানোর কারণেই তারা এ উন্নতি নিশ্চিত করতে পেরেছে। পক্ষান্তরে বাংলাদেশের আবহাওয়া ও জলবায়ু কৃষি উপযোগী হলেও এখনও অনেকাংশেই প্রকৃতি ও দেশি প্রযুক্তি নির্ভর। বাংলাদেশে আধুনিক কৃষিপ্রযুক্তি উদ্ভাবনের অনেকগুলো প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠান নিত্যনতুন প্রযুক্তি উদ্ভাবনও করছে। কিন্তু নানা অব্যবস্থাপনা, অবকাঠামোগত অসুবিধা ও সঠিক উদ্যোগের অভাবে কৃষকরা এসব প্রযুক্তির সঠিক ব্যবহার করতে পারছে না। ফলশ্রুতিতে বাংলাদেশ কৃষিক্ষেত্রে ভারতের মতো সফলতা লাভ করতে পারছে না। উদাহরণ হিসেবে বলা যায়, সঠিক সেচপ্রযুক্তি ব্যবহার করতে না পারায় বাংলাদেশের অনেক জমি খরা মৌসুমে অনাবাদি থেকে যায়। কিন্তু যদি আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সেচ দেওয়া যায় তবে এ সমস্যা থাকবে না।

সুতরাং বলা যায়, বাংলাদেশে আধুনিক কৃষি প্রযুক্তি যথাযথভাবে প্রয়োগ করতে না পারার কারণেই কৃষিক্ষেত্রে ভারতের চেয়ে পিছিয়ে আছে।

**প্রশ্ন –১৩ ▶ নিচের চিত্র লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. মৌসুম নির্ভরশীলতা কী? ১

খ. আগাম জাত চাষ করা হয় কেন? ২

গ. চিত্রের পদ্ধতিতে ফসল উৎপাদনের শর্তগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ.বাংলাদেশে বিপুল পরিমাণে কোনো ফসল উৎপাদনে চিত্রের পদ্ধতিটির উপযোগিতা যাচাই কর। ৪

### ১৩নং প্রশ্নের উত্তর

ক. ফসল চাষের জন্য মৌসুমের উপর নির্ভর করাকে মৌসুম নির্ভরশীলতা বলে।

খ. বাজারে অসময়ের ফল ও সবজির চাহিদা খুব বেশি। অসময়ের এসব ফসল উচ্চ মূল্যে বিক্রি করা যায়, যা কৃষক ও খুচরা বিক্রেতা উভয়কেই লাভবান করে। অসময়ে ফল ও সবজি বাজারে সরবরাহের উপায় হলো আগাম জাত চাষ করা। এ কারণেই কৃষকরা আগাম জাত চাষ করেন।

গ. চিত্রের পদ্ধতিটি হলো গ্রিনহাউজ, যেখানে ফসলের জীবতাত্ত্বিক গুণাগুণ পরিবর্তন না করেই ফসল উৎপাদন করা হয়। এই কৌশল বাস্তবায়নের প্রাথমিক পূর্বশর্ত হলো ফসলের পরিবেশ ও পুষ্টি সম্পর্কে বিস্তারিত এবং পরীক্ষিত তথ্যাদি জানা। দ্বিতীয় শর্ত হলো প্রয়োজনীয় পরিবেশ সৃষ্টি ও পুষ্টি সরবরাহের নিখুঁত যান্ত্রিক ব্যবস্থা স্থাপন ও পরিচালনা। তৃতীয় গুরুত্বপূর্ণ শর্ত হল নিরবচ্ছিন্ন শক্তির (বিদ্যুৎ) নিশ্চিত প্রবাহ। নিখুঁত আয়োজন ও পরিচালনা নিশ্চিত করতে পারলে যে কোন উদ্যান ফসল উৎপাদনে এই কৌশল অবলম্বন সম্ভব।

ঘ. চিত্রের গ্রিনহাউজ পদ্ধতিতে পরিবেশগত যাবতীয় উপাদান নিয়ন্ত্রণ করে এবং প্রয়োজনীয় সুষম পুষ্টি সরবরাহ করে উদ্যান ফসল উৎপাদন করা হয়। তবে যেকোনো উদ্যান ফসল এ পদ্ধতিতে চাষ করা গেলেও এর উৎপাদন খরচ অনেক বেশি পড়ে। কারণ এ প্রযুক্তিটি অতিমাত্রায় যন্ত্রনির্ভর। এ প্রযুক্তিটি স্বল্প পরিসরে চাহিদাসম্পন্ন ফসলের উৎপাদনের জন্য উপযোগী। বাংলাদেশের কৃষকরা বেশিরভাগই দরিদ্র এবং লেখাপড়ায় অজ্ঞ। তাদের এ প্রযুক্তি ব্যবহার করার আর্থিক সামর্থ্য যেমন নেই, তেমন নেই এর কারিগরি জ্ঞান। এমনকি বাংলাদেশে সরকারি বা বেসরকারি পর্যায়েও এ প্রযুক্তি ব্যবহার করে ফসল উৎপাদনের পুরোপুরি সামর্থ্য ও সুবিধা বিদ্যমান নেই। তাই বিপুল পরিমাণে ফসল উৎপাদনে চিত্রের পদ্ধতি অর্থাৎ গ্রিনহাউজ পদ্ধতি বাংলাদেশের জন্য উপযোগী নয়।

## সৃজনশীল প্রশ্নব্যাংক


**প্রশ্ন –১৪ ▶** কৃষি বিজ্ঞানের স্যার জনাব মুহিত ক্লাসে এশিয়া মহাদেশের একটি দেশের কৃষি সম্পর্কে আলোচনা করছিলেন। তিনি বললেন এই দেশটির কৃষির আধুনিকায়ন শুরু হয় গত শতকের ষাটের দশকে। বর্তমানে দেশটিতে কৃষি বিশ্ববিদ্যালয়, কৃষি সম্প্রসারণ ট্রেনিং ইন্সটিটিউট, কৃষি ও ধান গবেষণা ইন্সটিটিউট স্থাপিত হয়েছে। ফলে দেশটির কৃষি উৎপাদনে দ্রুত অগ্রগতি শুরু হয়েছে এবং গ্রামীণ মানুষের জীবনের চালচিত্রেও পরিবর্তন এসেছে।

ক. BRRI-এর ইংরেজি পূর্ণরূ প কী? ১
খ. বাংলাদেশের কৃষকরা ধান বীজের জন্য পরনির্ভরশীল নয় ব্যাখ্যা কর। ২
গ. জনাব মুহিত সাহেব ক্লাসে যে দেশের কৃষির অগ্রগতি সম্পর্কে আলোচনা করেছিলেন তার বর্ণনা দাও। ৩
ঘ. মুহিত সাহেবের আলোচিত ঐ দেশটির কৃষির সাথে চীন দেশের কৃষির তুলনামূলক অবস্থা বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন –১৫ ▶** মৌসুমি জলবায়ুর পরিবর্তন ফসল উৎপাদনে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। ফসলকে মৌসুম নির্ভরতামুক্ত করতে পারলে যেকোনো মৌসুমে ফসলটি উৎপাদন করা যায়। বিজ্ঞানীরা বর্তমানে ফসলের মৌসুম নির্ভরশীলতা কাটিয়ে ওঠার বিভিন্ন কৌশল সম্পর্কে গবেষণা চালিয়ে যাচ্ছেন।

ক. ভারতীয় কৃষিজ পণ্যের অন্যতম আমদানিকারক দেশ কোনটি? ১
খ. আমাদের দেশের কৃষকেরা পাট উৎপাদন কমিয়ে দিয়েছেন কেন? ২
গ. উদ্দীপকের বিজ্ঞানীদের গবেষণারত ফসলগুলোর উপযোগিতাসমূহ উলেরখ কর। ৩
ঘ. ফসলের মৌসুম নির্ভরশীলতা কাটিয়ে ওঠার বিশেষ একটি কৌশল উদ্দীপকের আলোকে বিশেরষণ কর। ৪

**প্রশ্ন –১৬ ▶**




ক. কোন দেশ কৃষিতে উন্নত? ১
খ. এশিয়া মহাদেশের কোন দেশগুলো ধান উৎপাদনে প্রধান? ২
গ. C চিহ্নিত দেশ বিশ্বে ধান উৎপাদনে প্রধান কেন ব্যাখ্যা কর। ৩
ঘ. ১৯৭১ সালের পর থেকে B চিহ্নিত দেশের কৃষিতে কতখানি অগ্রগতি হয়েছে বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন –১৭ ▶** শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে একদল ছাত্র ভারতের কৃষি বিষয়ক সুবিধাসমূহ সম্পর্কে জানার উদ্দেশ্যে ভারতে যায়। সেখানে গিয়ে তারা লৰ্য করে বাংলাদেশের চেয়ে ভারতের কৃষি ও কৃষি ব্যবস্থাপনা অনেক উন্নত। সেখান থেকে ফিরে শিৰার্থীরা বাংলাদেশের কৃষি ব্যবস্থাকে ও ভারতের মতো উন্নত করার প্রতিজ্ঞা করে।

ক. কৃষি বিশ্ববিদ্যালয় কত সালে স্থাপিত হয়? ১
খ. বাংলাদেশ কৃষির উৎপাদন খরচ বাড়ছে কেন? ২
গ. উদ্দীপকে উলিরখিত দেশটির কৃষিতে উন্নতি লাভ করার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. শিৰার্থীরা তাদের প্রতিজ্ঞা বাস্তবায়নে কতটুকু সফল হতে পারবে বিশেরষণ কর। ৪

## ◘ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর ------------------- //

**প্রশ্ন ॥ ১ ॥ ফসলের মৌসুম নির্ভরশীলতা কী?**

**উত্তর ॥** দিনের দৈর্ঘ্যের ওপর ভিত্তি করে একেক মৌসুমে একেক ধরনের ফসল উৎপন্ন হয়, একেই ফসলের মৌসুম নির্ভরশীলতা বলে।

**প্রশ্ন ॥ ২ ॥ কৃষিতে কৃত্রিম রাসায়নিক সারের নির্ভরশীলতা কীভাবে কমানো যায়?**

**উত্তর ॥** সবুজ সারের ব্যবহার, কম্পোস্ট সার তৈরি এবং কেঁচো জাত সার বা ভার্মিকম্পোস্ট প্রয়োগ করে কৃষিতে কৃত্রিম রাসায়নিক সারের নির্ভরশীলতা কমানো যায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশের কোন কোন কৃষিপণ্য ভারতে রপ্তানি হয়?**

**উত্তর ॥** বাংলাদেশের পাট, চামড়া, ইলিশ ইত্যাদি পণ্য ভারতে রপ্তানি হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ গ্রিন হাউজ কী?**

**উত্তর ॥** বদ্ধ ঘরের পরিবেশে উপযুক্ত দিবাদৈর্ঘ্যে, পর্যাপ্ত আলোয়, উত্তাপে, বায়ুর আর্দ্রতায় সম্পূর্ণ নিয়ন্ত্রিত কৃত্রিম উপায়ে কাঙ্ক্ষিত ফসল চাষ করাকে গ্রিন হাউজ বলে।

## ◘ রচনামূলক প্রশ্ন ও উত্তর ----------------- //

**প্রশ্ন ॥ ১ ॥ ফসলের মৌসুম নির্ভরশীলতা কাটিয়ে ওঠার উপযোগিতা বর্ণনা কর।**

**উত্তর : ফসলের মৌসুম নির্ভরশীলতা কাটিয়ে ওঠার উপযোগিতা :**

১. বাজারে অসময়ের ফল ও সবজির চাহিদা খুবই বেশি। এসব অসময়ের ফসল উচ্চমূল্যে বিক্রি হয়। কৃষক ও খুচরা বিক্রেতা উভয়ে বাড়তি পয়সা উপার্জন করতে পারে।
২. বিশেষ করে আগাম ফসল বাজারজাত করতে পারলে বেশি দাম পাওয়া যায়।
৩. ঋতুচক্র সংশ্লিষ্ট কর্মহীনতা দূর হয়ে কৃষককে মোটামুটি সারাবছর কর্মব্যস্ত রাখতে পারে।
৪. একই কারণে গ্রামীণ কর্মশক্তিকে সারাবছর কাজের নিশ্চয়তা দিতে পারে।
৫. 'মঙ্গা' বা এ ধরনের সাময়িক দুর্ভিক্ষাবস্থা থেকে রক্ষা পাওয়া যেতে পারে।
৬. বাজারে কৃষিপণ্য বৈচিত্র্য বৃদ্ধি করতে পারে।
৭. পুষ্টি সমস্যার সমাধান সহজতর করতে পারে।

**প্রশ্ন ॥ ২ ॥ ভারত ও বাংলাদেশের কৃষির তুলনামূলক বিবরণ দাও।**

**উত্তর :** ভারত ও বাংলাদেশের কৃষির তুলনামূলক বিবরণ নিচে তুলে ধরা হলো :

| বাংলাদেশ | ভারত |
|---|---|
| i. বাংলাদেশের প্রধান ফসল ধান। | i. ভারতের প্রধান ফসলও ধান। |
| ii. বাংলাদেশের কৃষক সংগঠিত নয়। | ii. ভারতের কৃষক অনেক বেশি সংগঠিত। |
| iii. কৃষিবিজ্ঞান ও প্রকৌশলে বাংলাদেশ উন্নতি করছে। | iii. কৃষিবিজ্ঞান ও প্রকৌশলে ভারত অনেক উন্নত। |
| iv. বাংলাদেশে ডেইরি সমবায় প্রতিষ্ঠান ধীরে ধীরে উন্নতি লাভ করছে। | iv. ভারতে রয়েছে বিশ্বের সর্ববৃহৎ ডেইরি সমবায় প্রতিষ্ঠান। |
| v. বাংলাদেশের কৃষি পরিবেশ তুলনামূলকভাবে কম বৈচিত্র্যময়। | v. ভারতের কৃষি পরিবেশ খুবই বৈচিত্রময়। |

**প্রশ্ন ॥ ৩ ॥ কৃত্রিম পরিবেশ সৃষ্টি করে ফসল উৎপাদন কৌশল বর্ণনা কর।**

**উত্তর :** ফসলের জীবতাত্ত্বিক গুণাগুণ পরিবর্তন না করেই এই কৌশলে যেকোনো ফসল উৎপাদন করা যায়। এক্ষেত্রে উন্মুক্ত মাঠে বা উদ্যানে কাঙ্ক্ষিত ফসল উৎপাদন না করে গ্রিনহাউসে তা উৎপাদন করা হয়। অর্থাৎ বদ্ধ ঘরে কৃত্রিম উপায়ে ঐ ফসলের উপযুক্ত দিবাদৈর্ঘ্য, পর্যাপ্ত আলো, উত্তাপ, বায়ুর আর্দ্রতাসহ পরিবেশগত যাবতীয় উপাদান সম্পূর্ণ নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়। অপরদিকে প্রত্যেক উদ্ভিদের জন্য প্রয়োজনীয় সুষম পুষ্টি সরবরাহ করার যথাযথ ব্যবস্থা করা হয়। এই কৌশল বাস্তবায়নের প্রাথমিক পূর্বশর্ত হলো ফসলের পরিবেশ ও পুষ্টি সম্পর্কে বিস্তারিত এবং পরীক্ষিত তথ্যাদি জানা। দ্বিতীয় শর্ত হলো প্রয়োজনীয় পরিবেশ সৃষ্টি ও পুষ্টি সরবরাহের নিখুঁত যান্ত্রিক ব্যবস্থা স্থাপন ও পরিচালনা। তৃতীয় গুরুত্বপূর্ণ শর্ত হলো নিরবচ্ছিন্ন শক্তির (বিদ্যুৎ) নিশ্চিত প্রবাহ। নিখুঁত আয়োজন ও পরিচালনা নিশ্চিত করতে পারলে প্রায় যেকোনো উদ্যান ফসল এই কৌশল অবলম্বনে সম্ভব হলেও অতিমাত্রায় যন্ত্রনির্ভর এই পদ্ধতিতে উৎপাদন ব্যয় অনেক বেশি। বাজারমূল্য বেশি এমন বিশেষ বিশেষ ফসলের উৎপাদন ছাড়া অন্য কোনো ফসল উৎপাদনে এই পদ্ধতি ব্যবহার করা যায় না। এই কৌশলে যৌক্তিক কারণেই অসীম পরিমাণে কোনো ফসল উৎপাদন করা যায় না।

তাছাড়া এই বিশেষ কৌশল নির্ভর উৎপাদন আয়োজনে সম্পন্ন করে এই আয়োজন অলস বসিয়ে রাখায় অর্থনৈতিক ঝুঁকি রয়েছে। কিন্তু নিশ্চিত লাভজনক বাজার পেলে (চুক্তির ভিত্তিতে) প্রক্রিয়া নিরবচ্ছিন্ন চালু রাখতে পারলে ক্রমশ উৎপাদন ব্যয় কমে আসতে পারে। সম্পূর্ণ নিয়ন্ত্রিত ব্যবস্থা বলে ফসলকে রোগবালাই থেকে রক্ষা করার খাতে ব্যয় প্রায় নেই। ফসলও হয় সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত।

# অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

## ◘ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ----------------- //

**প্রশ্ন ॥ ১ ॥ 'হাইব্রিড রাইস' কাকে বলে?**

**উত্তর :** যে সকল ধান সব ধরনের নিয়ম কানুন মেনে চাষ করলে প্রচলিত উচ্চ ফলনশীল ধানের চেয়েও বেশি ফলন পাওয়া যায় তাকে 'হাইব্রিড রাইস' বলে।

**প্রশ্ন ॥ ২ ॥ শিল্পোন্নত দেশগুলো কিসে উন্নত?**

**উত্তর :** শিল্পোন্নত দেশগুলো কৃষিতেও উন্নত।

**প্রশ্ন ॥ ৩ ॥ দারিদ্র্যের একটা দুষ্টচক্রে ঘুরপাক খাচ্ছে কৃষিপ্রধান কোন দেশগুলো?**

**উত্তর :** দারিদ্র্যের একটা দুষ্টচক্রে ঘুরপাক খাচ্ছে কৃষিপ্রধান উন্নয়নশীল ও স্বল্পোন্নত দেশগুলো।

**প্রশ্ন ॥ ৪ ॥ কৃত্রিম রাসায়নিক সারের ওপর নির্ভরশীলতা কমানোর জন্য জমিতে কী প্রয়োগ হয়?**

**উত্তর :** কৃত্রিম রাসায়নিক সারের ওপর নির্ভরশীলতা কমাতে জমিতে সবুজ সার, কম্পোস্ট তৈরি করে প্রয়োগ করা হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ গবাদি পশুর খাদ্য ঘাটতি মেটানোর জন্য কী করা হয়?**

**উত্তর :** গবাদি পশুর খাদ্য ঘাটতি মেটানোর জন্য উন্নত গো খাদ্য ও ঘাস উৎপাদন, সাইলো তৈরি করা হয়।

**প্রশ্ন ॥ ৬ ॥ বিশ্বের অন্যতম প্রধান চাল রপ্তানিকারক দেশ কোনটি?**

**উত্তর :** বিশ্বের অন্যতম প্রধান চাল রপ্তানিকারক দেশ ভিয়েতনাম।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাংলাদেশের তুলনায় কোন দেশ কৃষিতে অনেক উন্নত?**

**উত্তর :** বাংলাদেশের তুলনায় চীন কৃষিতে অনেক উন্নত।

**প্রশ্ন ॥ ৮ ॥ কোন বীজের এক প্রজন্মে গুণাগুণ শেষ হয়ে যায়?**

**উত্তর :** সুপার হাইব্রিড বীজের এক প্রজন্মে গুণাগুণ শেষ হয়ে যায়।

**প্রশ্ন ॥ ৯ ॥ ভিয়েতনাম ও বাংলাদেশের সবচেয়ে বড় মিল কোথায়?**

**উত্তর :** ভিয়েতনাম ও বাংলাদেশের সবচেয়ে বড় মিল ধান উৎপাদনে।

## ◘ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর --------------- //

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলার সংস্কৃতি গড়ে ওঠে কীভাবে?**

**উত্তর :** গ্রামীণ সংস্কৃতির উপরিকাঠামোতেও বাংলা ভাষার জয় এবং কৃষিসহ বিভিন্ন পেশার বিকাশ, পরিমাণগত ও গুণগত পরিবর্তন আনে ও বাঙালি জাতীয়তাবোধ প্রবল হয়। জারি, সারি, ভাটিয়ালি চর্চার পাশাপাশি কৃষক, শ্রমিক মধ্যবিত্তের মনোজগতে রবীন্দ্রনাথ, নজরুল, জীবনানন্দ, লালন, হাসন রাজা, সুকান্ত ব্যাপক প্রভাব ফেলতে থাকেন। কৃষকের সাংস্কৃতিক জীবন ও জনমানুষের সাংস্কৃতিক ভাবনায় চমৎকার মেলবন্ধন লক্ষ করা যায়। কৃষি সংক্রান্ত নানা বিষয়ে চারণ কবি খনার নানা মন্তব্য ‘খনার বচন’ নামে খ্যাত। আর এভাবে বাংলার বিভিন্ন জন মানুষের প্রভাবের ওপর ভিত্তি করে বাংলার সাংস্কৃতি গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ২ ॥ বিজ্ঞানীরা কীভাবে কৃষিতে অবদান রাখছে?**

**উত্তর :** কৃষির সজ্ঞে বিজ্ঞানের নানা শাখার কর্মকাণ্ড জড়িত। কৃষিতত্ত্ব ছাড়াও মৃত্তিকা বিজ্ঞান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন, ফসল উদ্ভিদ বিজ্ঞান, উদ্যানতত্ত্ব, কীটতত্ত্ব, উদ্ভিদ রোগতত্ত্ব, কৃষিযন্ত্র ও শক্তি, সেচ ও পানি ব্যবস্থাপনা ইত্যাদি শাখার বিজ্ঞানীরা তথ্য ও প্রযুক্তি উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে অবদান রাখছেন।

**প্রশ্ন ॥ ৩ ॥ বর্তমান দেশে কীভাবে দ্রুত কৃষি অগ্রগতি হচ্ছে?**

**উত্তর :** বর্তমানে বাংলাদেশে চারটি পূর্ণাজ্ঞা কৃষি বিশ্ববিদ্যালয় চালু রয়েছে, আছে একটি পূর্ণাজ্ঞা ভেটেরিনারি বিশ্ববিদ্যালয়। প্রায় সব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কৃষি বিজ্ঞানে পড়াশোনার পাশাপাশি শিক্ষকরা গবেষণা করে থাকেন। গবেষণার ফলাফল উন্নত জাত ও উৎপাদন প্রযুক্তি সম্পর্কে সম্প্রসারণ কর্মকর্তা ও মাঠকর্মীরা কৃষকদের কাছে পৌঁছে দেন। ফলে দেশের কৃষি উৎপাদনে দ্রুত অগ্রগতি সাধিত হচ্ছে।

**প্রশ্ন ॥ ৪ ॥ কোন দেশগুলো ধান উৎপাদনে প্রধান এবং কোন মহাদেশে অবস্থিত?**

**উত্তর :** বাংলাদেশ, ভারত, চীন, ভিয়েতনাম চারটি দেশ এশিয়া মহাদেশে অবস্থিত। এই দেশগুলোর মধ্যে ভৌগোলিক কারণেই যেমন কিছু সাদৃশ্য আছে তেমনি কিছু বৈসাদৃশ্যও রয়েছে। চারটি দেশের প্রধান উৎপাদিত ফসল ধান। চারটি দেশের জনগণ প্রধানত ভাত খেয়ে অভ্যস্ত। এদের মধ্যে চীন, ভারত ও বাংলাদেশ অত্যন্ত জনবহুল দেশ। অবশ্য ভিয়েতনাম ততটা নয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ সুপার হাইব্রিড ধানের অসুবিধা কী?**

**উত্তর :** ‘সুপার হাইব্রিড’ ধানের একটি বড় ধরনের অসুবিধা তো ইতোমধ্যে চিন্তার কারণ হয়েছে, তা হলো এসব অত্যাধুনিক ধানের বীজ রাখা যায় না। এক প্রজন্মেই বীজের গুণাগুণ শেষ। চীনের বর্তমান আর্থ-সামাজিক এবং রাজনৈতিক ব্যবস্থার সজ্ঞে এসব ফসল হয়তোবা সহায়ক। কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে সমস্যা আছে।

**প্রশ্ন ॥ ৬ ॥ ভ্যারাইটি বা কালটিভার বলতে কী বুঝ?**

**উত্তর :** ভ্যারাইটি বা কালটিভার বলতে বোঝায়, যেসব জাত অভিজ্ঞ কৃষকের পর্যবেক্ষণ, চয়ন ও নিরীক্ষণ প্রক্রিয়ার মাধ্যমে মৌসুমনির্ভরতা এড়িয়ে বিশুদ্ধ লাইন শনাক্ত ও উন্নয়ন করা যায়। এসব জাতকে মাঠ পর্যায়ে স্বীকৃতি পেতে হবে।